বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
উন্নয়ন শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং: ৫৩.০৩.০০০০.০১৭.২৩.০০৫.২০২০.৩৫৫

২৮ ফাল্গুন ১৪২৬
তারিখ: ১২ মার্চ ২০২০

বিষয়ঃ আগামী ১৭ মার্চ ২০২০ তারিখ অনুষ্ঠেয় মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠানসহ বছরব্যাপী কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র: (১) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের স্মারক নং- ৫৩.০০.০০০০.২১১.২৩.০০১.১৯-২১৪, তারিখ: ০২ মার্চ ২০১৯
(২) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের স্মারক নং- ৫৩.০০.০০০০.২১১.২৩.০০১.২০-১৭৬, তারিখ: ২০ ফেব্রুয়ারি ২০২০

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আগামী ১৭ মার্চ ২০২০ তারিখ উদ্বোধনী অনুষ্ঠানসহ ১৭ মার্চ ২০২০ তারিখ হতে ২৬ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত সময়কালকে মুজিববর্ষ হিসেবে ঘোষণা করে বর্ষব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

২. এমতাবস্থায়, সংযুক্ত পত্র এবং নিম্নোক্ত নির্দেশনাসমূহ মুজিববর্ষ উদযাপনের জন্য স্ব স্ব বীমাকারী প্রতিষ্ঠান ও দেশব্যাপী বীমাকারীর শাখা কার্যালয়সমূহে পরিপালনের জন্য অনুরোধ করা হলো।

৩. নির্দেশনাসমূহ:

৩.১- সকল বীমাকারী/স্টেকহোল্ডারদের প্রধান কার্যালয়ে ১৭ মার্চ ২০২০ তারিখে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে;

৩.২- কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত প্রামান্যচিত্রটি সকলের অফিসিয়াল ওয়েবসাইটে ও সামাজিক যোগাযোগ মাধ্যমে (ফেসবুক/ইনস্টাগ্রাম/ইউটিউব/টুইটার) আপলোড করতে হবে (কর্তৃপক্ষের ওয়েবসাইটে https://drive.google.com/file/d/1cAZ7eAvTkp0Iiw4qIts8QU9WDu5_ORl2/view লিংক থেকে প্রামাণ্যচিত্রটি আপলোড করা যাবে)। এছাড়া যে সকল বীমাকারী/স্টেকহোল্ডারের ডিজিটাল ডিসপ্লে বোর্ড রয়েছে তাদের ডিজিটাল ডিসপ্লে বোর্ডে প্রামান্যচিত্রটি আগামী ১৭ মার্চ ২০২০ তারিখ থেকে মুজিববর্ষে বর্ষকালব্যাপী প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

৩.৩- ১৭ মার্চ ২০২০ হতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত নান্দনিক ড্রপডাউন ব্যানার স্ব স্ব বীমাকারীর নিজস্ব কার্যালয়/শাখা কার্যালয়ের ভবনের সাথে সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী ব্যবহার করতে হবে (মুজিববর্ষ উদযাপন সংক্রান্ত সরকারের ওয়েবসাইট https://mujib100.gov.bd/index.html এর ডিজাইন অনুসরণ করতে হবে)। উল্লেখ্য, স্ব স্ব বীমাকারী/স্টেকহোল্ডার ব্যানারের নিচে তাদের নাম ও লোগো ব্যবহার করতে পারবে।

৩.৪- কর্তৃপক্ষের পূর্ববর্তী নির্দেশনা মোতাবেক বীমাকারী/স্টেকহোল্ডার তাদের স্ব স্ব ওয়েবসাইটে মুজিববর্ষ সংক্রান্ত পৃথক কর্ণার স্থাপন করবে এবং মুজিববর্ষ সংক্রান্ত গৃহীত সকল কার্যক্রম এর নোটিশ/পত্র/ছবি/ভিডিও প্রভৃতি আপলোড করবে আগামী ২৬ মার্চ ২০২১ পর্যন্ত।

৩.৫- বীমাকারী/স্টেকহোল্ডার আগামী ১৭ মার্চ ২০২০ তারিখ বিকাল ৪:০০ ঘটিকায় কেন্দ্রীয় অনুষ্ঠান শুরুর পূর্ব পর্যন্ত স্ব স্ব কার্যালয়ে আলোচনা সভা এবং বিশেষ মোনাজাতের আয়োজন করবে। এরপর বিকাল ৪:০০ ঘটিকা থেকে কেন্দ্রীয় উদ্বোধনী অনুষ্ঠান আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে ইলেকট্রনিক ডিভাইস ব্যবহারের মাধ্যমে অনুষ্ঠানের সাথে সরাসরি যুক্ত থাকবে।

৩.৬- মুজিববর্ষ উদযাপনের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে বীমাকারী/স্টেকহোল্ডার এর স্ব স্ব কার্যালয়/শাখা কার্যালয়সমূহ সজ্জিত করতে হবে।

৩.৭- আগামী ১৬ মার্চ ২০২০ তারিখ হতে ১৮ মার্চ ২০২০ তারিখ পর্যন্ত কমপক্ষে ৩দিন বীমাকারী/স্টেকহোল্ডার এর স্ব স্ব কার্যালয়/শাখা কার্যালয়ের ভবনে আলোকসজ্জার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩.৮- জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে **'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর'** এর কার্যক্রম বাস্তবায়নের জন্য কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা মোতাবেক পরিচ্ছন্নতা অভিযান সবসময় অব্যাহত রাখতে হবে (পত্রের কপি সংযুক্ত)।

৩.৯- মুজিববর্ষ উদযাপনের জন্য সকল ক্ষেত্রে বিশেষত ব্যানার/ফেস্টুন/বিবিধ প্রকাশনা/পত্র/ওয়েবসাইট ইত্যাদিতে ব্যবহার করার জন্য প্রতিপাদ্য/স্লোগান শীঘ্রই জানানো হবে।

৩.১০- মুজিববর্ষে পোস্টার ব্যবহার করা যাবে। পোস্টারের টেমপ্লেট ওয়েবসাইটের ডিজাইন অনুযায়ী প্রস্তুত করতে হবে (মুজিববর্ষ উদযাপন সংক্রান্ত সরকারের ওয়েবসাইট https://mujib100.gov.bd/index.html এর ডিজাইন অনুসরণ করতে হবে)।

৩.১১- ওয়েবসাইটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত যেসব ভিডিও ক্লিপিংস/ফুটেজ রয়েছে সেগুলো বছরব্যাপী বিভিন্ন অনুষ্ঠানে ব্যবহার করা যাবে।

৩.১২- জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে জাতীয়/স্থানীয়ভাবে স্যুভেনির, গ্রন্থ, স্মরণিকা, দেয়াল পত্রিকা ইত্যাদি প্রকাশ করার ক্ষেত্রে উৎসাহ ও বিজ্ঞাপন দিয়ে সহায়তা প্রদান করতে হবে।

৩.১৩- জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে কেন্দ্রীয়ভাবে তৈরিকৃত থিম সংগীত কেন্দ্রীয় অনুষ্ঠানে প্রদর্শিত হবে। পরবর্তীতে জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নকালে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কেন্দ্রীয়ভাবে তৈরিকৃত থিম সংগীত এর বহুল ব্যবহার করতে হবে এবং যে সকল বীমাকারী/স্টেকহোল্ডারের ডিজিটাল ডিসপ্লে বোর্ড আছে তাদের ডিজিটাল ডিসপ্লে বোর্ডে থিম সংগীত প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

৩.১৪- জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বীমাকারী/স্টেকহোল্ডারের স্ব স্ব কর্মসূচির ভিডিও/তথ্যচিত্র ধারণ করে তা কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। উল্লেখ্য, স্ব স্ব কর্মসূচির ভিডিও/তথ্যচিত্র কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ ও প্রচারের জন্য 'জাতীয় বাস্তবায়ন কমিটি'র কার্যালয়ে প্রেরণ করা হবে।

১২/০৬/২০২০

(ড. এম. মোশাররফ হোসেন, এফসিএ)
সদস্য (প্রশাসন)

বিতরণ, কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক, বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমি;
২। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন;
৩। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা/সাধারণ বীমা কর্পোরেশন;
৪। সভাপতি, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম;
৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল লাইফ/নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি;
৬। সভাপতি, বাংলাদেশ ইন্স্যুরেন্স সার্ভেয়র্স এসোসিয়েশন;
৭। ব্যবস্থাপনা প্রধান, বীমা সংশ্লিষ্ট সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠান।

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

১। মাননীয় অর্থমন্ত্রী'র একান্ত সচিব (মাননীয় অর্থমন্ত্রী'র সদয় অবগতির জন্য), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সকল কর্মকর্তা;
৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৫। সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ,
৬। অফিস কপি।